# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন** **বিষয় কোড :** | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** ১০

(ক) পহেলা বৈশাখ

(খ) যানজট

২. **যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** ১০

(ক) মনে করো, তোমার নাম নবীন। তুমি গাজীপুর জেলায় বসবাস করো। বৃক্ষরোপণ সপ্তাহ পালনের প্রয়োজনীয়তা উল্লেখ করে তোমার বন্ধু সজীবকে একখানা পত্র লেখ।

অথবা, (খ) সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত জনগণের সাহায্যের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি পত্র লেখ।

৩. **সারাংশ লেখো:** ১০

(ক) অতীতকে ভুলে যাও। অতীতের দুশ্চিন্তার ভার অতীতকেই নিতে হবে। অতীতের কথা ভেবে ভেবে অনেক বোকাই মরেছে। আগামীকালের বোঝা, অতীতের বোঝার সঙ্গে মিলে আজকের বোঝা সবচেয়ে বড় হয়ে দাঁড়ায়। ভবিষ্যৎকেও অতীতের মতো দৃঢ়ভাবে দূরে সরিয়ে দাও। আজই তো ভবিষ্যৎ– কাল বলে কিছু নেই। মানুষের মুক্তির দিন তো আজই। ভবিষ্যতের কথা যে ভাবতে বসে সে ভোগে শক্তিহীনতায়, মানসিক দুশ্চিন্তায় ও স্নায়ুবিক দুর্বলতায়। অতএব, অতীতের এবং ভবিষ্যতের দরজায় আগল লাগাও, আর শুরু করো দৈনিক জীবন নিয়ে বাঁচতে।

teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) নিন্দুকেরে বাসি আমি সবার চেয়ে ভালো,
যুগ জনমের বন্ধু আমার আঁধার ঘরের আলো।
সবাই মোরে ছাড়তে পারে বন্ধু যারা আছে,
নিন্দুক সে ছায়ার মতো পবিত্রতা আনে,
সাধকজনে বিস্তারিতে তার মতো কে জানে?
বিনামূল্যে ময়লা ধুয়ে করে পরিষ্কার,
বিশ্ব মাঝে এমন দয়াল মিলবে কোথা আর?
নিন্দুক, সে বেঁচে থাকুক বিশ্বহিতের তরে,
আমার আশা পূর্ণ হবে তাহার কৃপা ভরে।

**৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** ১০

(ক) আত্মশক্তি অর্জনই শিক্ষার উদ্দেশ্য

(খ) বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে।

**৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** ১০

(ক) মনে করো, তুমি নাহিদ। তুমি বরিশাল স্কুলের দশম শ্রেণির ছাত্র। তোমার বিদ্যালয়ে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের বিবরণ দিয়ে প্রধান শিক্ষক বরাবর একটি প্রতিবেদন প্রণয়ন করো।

(খ) মনে করো তোমার নাম তামিম। তুমি দৈনিক 'প্রথম আলো' পত্রিকার স্টাফ রিপোর্টার। মাদককে না বলুন শিরোনামে একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন করো।

**৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** ২০

(ক) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ

(খ) কর্মমুখী শিক্ষা

(গ) মাদকাসক্ত ও তার প্রতিকার

Teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র
## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. 'চাহিদা' শব্দটি কোন ভাষা থেকে নেওয়া হয়েছে?**
ক) পর্তুগিজ খ) চীনা
গ) পাঞ্জাবি ঘ) তুর্কি

**২. বাক্যতত্ত্বের অপর নাম কী?**
ক) ভাষা খ) প্রাতিপদিক
গ) পদক্রম ঘ) সাধিত শব্দ

**৩. বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা কয়টি?**
**অথবা, বাংলা ভাষায় যৌগিক স্বরজ্ঞাপক স্বরধ্বনি কয়টি?**
ক) এগারটি খ) পঁচিশটি
গ) চল্লিশটি ঘ) পঞ্চাশটি

**৪. সংস্কৃত 'সাৎ' প্রত্যয়যুক্ত পদে —**
ক) 'ষ' হয় খ) 'ষ' হয় না
গ) 'ণ' হয় ঘ) 'ণ' হয় না

**৫. আ + ও = ঔ-এই নিয়মে সাধিত সন্ধিবদ্ধ শব্দ কোনটি?**
ক) মহৌষধি খ) মহৌষধ
গ) বনৌষধি ঘ) পরমৌষধ

**৬. 'নীরব' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?**
ক) নী + রব খ) নি + রব
গ) নিঃ + রব ঘ) নির + অব

**৭. কোন দ্বিরুক্তিটি ধ্বন্যাত্মক শব্দ?**
ক) শনশন/টপাটপ
খ) শীতশীত
গ) পড়োপড়ো ঘ) হাতেনাতে

**৮. সংখ্যা গণনার মূল একক কী?**
ক) দশ খ) এক
গ) এক এবং শূন্য ঘ) এক থেকে নয় পর্যন্ত

**৯. 'ন্যাকামিটা এখন রাখো'— বাক্যে 'ন্যাকামি' শব্দের সঙ্গে 'টা' যুক্ত হয়ে কোন অর্থ প্রকাশ করেছে?**
ক) নিরর্থকতা খ) সার্থকতা
গ) দ্ব্যর্থকতা ঘ) ভিন্নার্থকতা

**১০. 'হাসাহাসি' কোন সমাস?**
ক) ব্যতিহার বহুব্রীহি
খ) ব্যাধিকরণ বহুব্রীহি
গ) নঞ বহুব্রীহি
ঘ) মধ্যপদলোপী বহুব্রীহি

**১১. খাঁটি বাংলা উপসর্গ কোন শব্দে ব্যবহৃত হয়েছে?**
ক) সুনীল খ) সুখবর
গ) সুকণ্ঠ ঘ) সুনিপুণ

**১২. কোন শব্দে প্রত্যয় 'উপজীবিকা' অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক) গেঁয়ো খ) মেছো
গ) টেকো ঘ) গেছো

**১৩. কোন দুটি যৌগিক শব্দ?**
ক) দৌহিত্র, নায়ক খ) হস্তী, বাঁশি
গ) রাজপুত্র, মহাযাত্রা ঘ) পঙ্কজ, জলধি

**১৪. 'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন'— এখানে 'কিংবা' অব্যয়টি কোন অব্যয়?**
ক) অনুকার অব্যয়
খ) বিয়োজক অব্যয়
গ) সমুচ্চয়ী অব্যয়
ঘ) সংযোজক অব্যয়

**১৫. 'মুখ যেন পদ্মফুল'— এ বাক্যে 'যেন' অব্যয়টি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [চ. বো. ১৭]
ক) উপমায় খ) তুলনায়
গ) অনুমানে ঘ) বিস্ময়ে

**১৬. 'শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে'— বাক্যের কোন ধরনের ক্রিয়ার ব্যবহার?**
ক) নাম ধাতুর ক্রিয়া খ) প্রযোজক ক্রিয়া
গ) যৌগিক ক্রিয়া ঘ) মিশ্র ক্রিয়া

Teachingbd24.com

১৭. নিচের কোন বাক্যটি নিত্যবৃত্ত অতীত কালের উদাহরণ?

ক) আমি রোজ সকালে বেড়াই
খ) তোমাকে আজ স্কুলে যেতে হবে
গ) আমি রোজ বেড়াতে যাব
ঘ) আমি রোজ স্কুলে যেতাম

১৮. কোন বাক্যে অসমাপিকা ক্রিয়া 'নিমিত্ত' অর্থ প্রকাশ করেছে?

ক) এখন আমি যেতে চাই
খ) এখন ট্রেন ধরতে হবে
গ) পদ্মফুল দেখতে সুন্দর
ঘ) মেলা দেখতে ঢাকা যাব

১৯. 'রোগ হলে ওষুধ খাবে'— ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় কোন অর্থ প্রকাশ পাচ্ছে?

ক) বিধান খ) আদেশ
গ) অনুরোধ ঘ) অনুনয়

২০. বাংলা ভাষার সমস্ত ধাতুকে কয়টি 'গণে' ভাগ করা হয়েছে?
বা ধাতুর গণ কয়টি?

ক) বাইশটি খ) একুশটি
গ) বিশটি ঘ) উনিশটি

২১. "সূর্য অস্তমিত হলে যাত্রীদল পথচলা শুরু করল।"— এখানে সূর্য কোন কর্তা?

ক) এক কর্তা খ) অসমান কর্তা
গ) নিরপেক্ষ কর্তা ঘ) শর্তাধীন কর্তা

২২. 'বিনে স্বদেশী ভাষা, মিটে কি আশা'—এ বাক্যে 'বিনে' অনুসর্গটি কোন অর্থ প্রকাশ করেছে?

ক) সঙ্গে খ) প্রয়োজনে
গ) নিমিত্তে ঘ) ব্যতিরেকে

২৩. 'কোনোভাবেই যা নিবারণ করা যায় না'— এর এককথায় প্রকাশ কোনটি?

ক) অনিবার্য খ) দুর্নিবার
গ) দুর্দমনীয় ঘ) রোরুদ্যমান

২৪. 'আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হইল'— বাক্যটিতে কোন দোষ আছে?

ক) বাগ্‌ধারার দোষ
খ) গুরুচণ্ডালী দোষ
গ) উপমার ভুল প্রয়োগ
ঘ) বাহুল্য দোষ

২৫. 'কুঞ্জর' শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক) সাপ খ) ঘোড়া
গ) খরগোশ ঘ) হাতি

২৬. 'ইঁদুর কপালে'-এর বিপরীত বাগ্‌ধারা কোনটি?

ক) অদৃষ্টের পরিহাস
খ) একাদশে বৃহস্পতি
গ) অন্ধকার লেখা
ঘ) কেউ কেটা

২৭. ভাববাচ্যের বাক্যকে কর্তৃবাচ্যে রূপান্তরিত করলে কর্তায় কোন বিভক্তি হয়?

ক) দ্বিতীয়া খ) তৃতীয়া
গ) প্রথমা ঘ) সপ্তমী

২৮. 'তিনি বললেন যে বইটা তার দরকার'— বাক্যটি কিসের উদাহরণ?

ক) প্রত্যক্ষ উক্তির খ) কর্মবাচ্যের
গ) কর্তৃবাচ্যের ঘ) পরোক্ষ উক্তির

২৯. একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন চিহ্ন বসবে?

ক) ড্যাশ খ) কোলন
গ) সেমিকোলন ঘ) পূর্ণচ্ছেদ

৩০. বাক্যে বহুপদময় বিশেষণ কোথায় বসে?

ক) প্রথমে
খ) শেষে
গ) সর্বনামের পূর্বে
ঘ) বিশেষ্যের পূর্বে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ |

https://teachingbd24.com